"Your Pharmacy Experts"
SAV-MOR™ DRUG STORES
FRD PHARMACY
9811 Conant • Hamtramck
(313) 871-1115
Mon-Fri: 10am-8pm, Sat 10am-6pm, Sun 11am-3pm
www.sav-mor.com

Additional Savings on OVER 5000 Brand and Generic Medications

Manage Your Meds Anywhere with the FRD Pharmacy MOBILE APP

$4.00 GENERICS 30-DAY SUPPLY*
$9.99 GENERICS 90-DAY SUPPLY*
Over 500 drugs available.
See www.sav-mor.com for details.

TALK TO A DOCTOR anytime, anywhere.
Introducing
My T Health Plus
Unlimited calls to a doctor, for you and your family.
$14.99/mo.
www.MTHealthplus.com

3020 Caniff, Hamtramck, MI 48212 · (313) 874-2100
Like Us On:
Volume 15 No. 22
June 2, 2023
50¢

The Review Hamtramck

MPA
www.hamtramckreview.com • e-mail news@thehamtramckreview.com

bryant Heating & Cooling Systems
WHATEVER IT TAKES.
We Repair & Install
• Furnaces • Boilers
• Air Conditioners
A&E HEATING & COOLING
Family owned & Operated Since 1964
11653 Jos. Campau
313-892-2122
Licensed & Insured

From Our House to Yours
HOUSE OF WINGS & PIZZA
Formerly Wing Fellas
★ Same Owner ★
Same Tasty Food
حلال HALAL
11401 JOS CAMPAU
313-499-8811
See ad, page 8

Quick Hits

Congratulations to the Class of 2023

By Charles Sercombe

As you can see, this week's issue of The Review is devoted solely to the Hamtramck Public School District.

Several HPS administrators and principals wrote about their experiences during the past year.

The HPS District, like many others, is still getting used to being back to in-person learning. Coming out of the three-year covid pandemic was no easy task.

And, it certainly wasn't easy for our students.

The pandemic took a toll on all school districts.

But, Hamtramck always perseveres in matters like this.

This issue is also dedicated to the high schools graduates, who now face a very challenging world. Fortunately, living in Hamtramck gives these students an advantage in growing up in the "real world."

A world that is diverse, multi-ethnic and multi-racial.

There are a lot of opportunities for young folks these days, and the chance to get ahead is greater than ever.

Our students are amazing for a lot of reasons, most of which are that they share a common trait: to succeed.

Hamtramck is immeasurably better off for their diverse experience, and so will be our nation.

Our hats are off to the administrators, teachers, and many staffmembers who make Hamtramck's educational experience not only memorable, but also a valuable asset.

We're sure that you will be impressed by the achievements of our public school district during the past year.

We hope you enjoy reading how our school district met these challenges head on, with success.

Congratulations, seniors, and here's to successful careers ahead for all of you.

— SPECIAL SCHOOL EDITION —

Your Hamtramck Public School Board

Not Pictured:
Jihan Aiyash President

Jaleelah Ahmed
Superintendent

Salah Hadwan
Vice President

Daz'Shavon Hall
Secretary

Abdulmalik Algahaim
Treasurer

Regan Watson
Trustee

Moortadha Obaid
Trustee

Victor Farris
Trustee

জেলার আর্থিক চিত্র ভালো কারণ আমরা শিক্ষার্থীদের সেবা অব্যাহত রেখেছি

শেরি এ. লাইনেম
চিফ ফিন্যান্সিয়াল অফিসার

সাধারণ তহবিল হলো ডিস্ট্রিক্ট পরিচালনার তহবিল। এখানেই দৈনন্দিন কাজকর্ম পরিচালনোর জন্য ব্যবহৃত সকল অর্থের হিসাব রাখা হয়।

এই কার্যক্রমের মধ্যে রয়েছে ৪০০ জনেরও বেশি কর্মীর পে রোল তৈরি করা, শিক্ষক ও কর্মীদের প্রশিক্ষণ প্রদান, আনুষঙ্গিক, উপকরণ, আসবাবপত্র ও সরঞ্জাম কেনা, ইউটিলিটি এবং আমাদের ভবন মেরামত ও রক্ষণাবেক্ষণ।

ডিস্ট্রিক্টের অগ্রাধিকার পূরণ করা হয়েছে তা নিশ্চিত করার জন্য আমরা ব্যবস্থাপনা ও স্কুল বোর্ডের সাথে একত্রে কাজ করি। আমাদের শক্তিশালী আর্থিক ব্যবস্থাপনার কারণে আমাদের সাধারণ তহবিলের একটি স্বাস্থ্যকর উদ্বৃত্ত রয়েছে।

আমাদের একটি ভারসাম্যপূর্ণ বাজেট রয়েছে, এবং ডিস্ট্রিক্টের ফিন্যান্স প্রতি বছর একটি স্বাধীন অডিটিং ফার্ম কর্তৃক নিরীক্ষা করা হয়। আমরা অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে আমরা আবারো Yeo&Yeo-এর অডিটিং ফার্ম থেকে অপরিবর্তিত মতামত পেয়েছি। এটি আমাদের আর্থিক ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণে সম্ভব সর্বোচ্চ রেটিং।

আমরা আমাদের ব্যয় কেন্দ্রীভূত করেছি শিক্ষার্থী ও শিক্ষকদের সহায়তা প্রদানে। আমরা নতুন পাঠ্যক্রম ক্রয়ে সক্ষম হয়েছি, আমাদের EL কর্মী, সরঞ্জাম ও কর্মসূচি আমাদের EL শিক্ষার্থীদের সমর্থন করার জন্য বৃদ্ধি করেছি। আমরা নিশ্চিত করেছি যে স্কুল টিউটরিং প্রোগ্রাম ও কার্যকর গ্রীষ্মকালীন স্কুল কর্মসূচি সরবরাহের জন্য তহবিল মজুদ আছে।

আমরা ডিস্ট্রিক্ট জুড়ে প্রযুক্তি আপগ্রেড করা অব্যাহত রেখেছি, এবং আমাদের একজন শিক্ষার্থীর জন্য একটি ডিভাইস এই অনুপাত রয়েছে। আমরা হলব্রুক ইলিমেন্টারির নতুন ফেসলিফট, কমিউনিটি সেন্টারের সামনে একটি উন্নত প্রাঙ্গনসহ অনেক ভবনের উন্নয়ন করেছি, আমরা ডিস্ট্রিক্ট জুড়ে জানালা ও HVAC ইউনিট প্রতিস্থাপন ও মানোন্নয়ন করছি, একটি নতুন রান্নাঘর ও উন্নত ক্যাফেটেরিয়া হলব্রুকে হতে যাচ্ছে, এছাড়াও আরো অনেক কিছুই আছে।

ফাইন্যান্স বিভাগের কাজ হলো স্কুল ডিস্ট্রিক্টের শিক্ষামূলক প্রচেষ্টাকে সমর্থন করা যাতে আমাদের শিক্ষার্থীদের লালন-পালন ও শিক্ষিত করতে সম্ভাব্য সর্বোত্তম কাজ করার জন্য তাদের প্রয়োজনীয় মানব সম্পদ ও সরবরাহের সামর্থ্য থাকে।

হ্যামট্রামিক পাবলিক স্কুলে ১২ বছরের ফাইন্যান্স ডিরেক্টর হিসেবে, আমাদের প্রশিক্ষক দল দৈনিক ভিত্তিতে যতটা নিবেদিতভাবে কাজ করে তাতে আমি খুব গর্বিত। তাদের সাহায্য করায় ভূমিকা পালন করতে পেরে আমি নিজেকে ধন্য বলে মনে করি।

প্রবৃদ্ধির এক বছর ফিরে দেখা

জালিলাহ হাসান আহমেদ
HPS সুপারইন্টেনডেন্ট

প্রবৃদ্ধি, উন্নয়ন ও একাডেমিক কৃতিত্ব হলো সকল শিক্ষক আশা করেন যে তাদের শিক্ষার্থীরা এক স্কুল বর্ষে তিনটি জিনিস অর্জন করবে।

Jaleelah Hassan Ahmed

আমাদের শিক্ষার্থীরা যখন উন্নতি করে তখন আমরা উন্নতি করি, এবং এই বছর আমাদের ভবনে সাফল্য পর্যালোচনা করার সময় এটি স্পষ্ট হয়। আমরা যেহেতু ২০২২-২৩ একাডেমিক ক্যালেন্ডারের শেষে চলে এসেছি, আমি একটি স্কুল কমিউনিটি হিসেবে আমরা একসাথে যা অর্জন করেছি তা উদযাপন করতে এবং চলমান উদ্যোগ সম্পর্কে আপডেট জানাতে চাই।

আমি হামট্রামিক পাবলিক স্কুলসের অংশীদার হিসেবে আমাদের শিক্ষার্থী, পরিবার, শিক্ষক এবং সমগ্র কমিউনিটির অংশগ্রহণকে মূল্য দেই। বসবাস, স্বেচ্ছাশ্রম এবং কমিউনিটির কার্যক্রম ও উদ্যোগে অংশ নেওয়া থেকে প্রাপ্ত শিক্ষা অমূল্য এবং আমি আশা করি আমরা আমাদের শিক্ষার্থীদের জন্য সর্বোত্তম সুযোগ আনতে একসাথে কাজ চালিয়ে যেতে পারব।

এই বছর যে অসংখ্য ক্লাব এবং স্কুল-পরবর্তী কার্যক্রম একত্রিত হয়েছে এবং সাফল্য অর্জন করেছে তার জন্যও আমি গর্বিত। এই লক্ষ্যে, আমি এই বছর আন্তর্জাতিক ক্যারিয়ার ডেভলপমেন্ট কনফারেন্সে অগ্রসর হওয়ার জন্য আমাদের DECA মার্কেটিং টিমকে স্বীকৃতি দিতে চাই।

Continued on page 2

Congratulations
Hamtramck High School
Class of 2023
Graduating Seniors

Polonia
Beer, Wine and Spirits
Authentic Polish Food
BANQUET HALL and CATERING
2934 Yemans • Hamtramck • 313-873-8432
www.polonia-restaurant.net Find Us on Facebook!

Crepe (Nalesniki)

Enjoy Our Polish Classics:
Stuffed Cabbage, Pierogies, Crepes, Potato Pancakes, City Chicken, Pork Chops, Vegetarian Plates and
Homemade Soups: Dill Pickle & Cabbage.
Don't forget to try our homemade sausage.

প্রবৃদ্ধির এক বছর ফিরে দেখা

তোমরা যেভাবে স্কুল বর্ষ জুড়ে এবং এই এপ্রিলে অরল্যান্ডোতে সম্মেলনের সময় হ্যামট্রামিকের প্রতিনিধিত্ব করেছো তাতে আমরা গর্বিত। অন্তর্ভুক্তিকে অগ্রাধিকার দিয়ে পূর্ববর্তী সাফল্য অর্জনের জন্য আমি আমাদের Esports টিমকে, আমাদের Outdoor Sports এবং Adventure Club-কে নতুন জিনিস চেষ্টা করার জন্য এবং পরিবর্তনের চেষ্টা করার জন্য এবং আমাদের LEAP ক্লাবকে তাদের কাছে গুরুত্বপূর্ণ বিষয়ের দায়িত্ব নেওয়ার জন্য উদযাপন করতে চাই।

এই শিক্ষার্থীরা কিভাবে তাদের চারপাশের বিশ্বকে ইতিবাচক উপায়ে প্রভাবিত করে চলেছে তা দেখার জন্য আমি অধীর আগ্রহী। আমাদের অসাধারণ কর্মীদের অকুণ্ঠ সমর্থন ও নিষ্ঠা ছাড়া এই অর্জনগুলোর কোনোটিই সম্ভব হতো না।

আমি সবসময় আমাদের শিক্ষকদের এবং আমাদের শিক্ষার্থীদের জীবন গঠনে তারা যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে সেটির প্রশংসা করি। আমাদের শিক্ষার্থীদের জন্য সর্বোত্তম শিক্ষা ও সুযোগ প্রদানের জন্য তাদের আবেগ, দক্ষতা ও প্রতিশ্রুতি সত্যিই প্রশংসনীয়। আমি তাদের সহায়তা করতে পেরে গর্বিত এবং স্বীকার করছি যে আমাদের কর্মীদের যত্ন নেওয়ার মাধ্যমে আমরা শিক্ষার্থীদের স্বার্থকে অগ্রাধিকার দিই।

একটি ডিস্ট্রিক্ট হিসেবে, ফান্ড এমনভাবে ব্যবহার ও রক্ষণাবেক্ষণ করা আমাদের দায়িত্ব যা সকল শিক্ষার্থীকে সর্বাধিক উপকৃত করবে। এই কারণেই আমরা কোভিড-রিলিফ ফান্ড (ESSER ফান্ড) বরাদ্দের ক্ষেত্রে গভীর মনোযোগ দিয়েছি, যা কে-৮ শিক্ষার্থীদের জন্য গ্রীষ্মকালীন প্রোগ্রামিং চালু করার জন্য এবং শেখার ক্ষতি মেটাতে স্কুল-পরবর্তী টিউটরিংয়ের জন্য সরবরাহ করা হয়েছিল।

আমরা মধ্যস্থতা ও প্রযুক্তির উন্নতিসহ আমাদের শিক্ষার্থীদের জন্য প্রাসঙ্গিক ও উপযুক্ত শিক্ষার সুযোগ আনার উপায় সন্ধান করে চলেছি। ESSER ফান্ড দ্বারা সমর্থিত অতিরিক্ত প্রোগ্রামিং এবং প্রযুক্তি আপগ্রেড আমাদের শিক্ষার্থীদের এগিয়ে যাওয়ার অব্যাহত প্রবৃদ্ধির উপর উল্লেখযোগ্য প্রভাব ফেলবে।

পরিপূরক একাডেমিক প্রোগ্রাম এবং নতুন প্রযুক্তির পাশাপাশি, ডিস্ট্রিক্ট দীর্ঘ প্রতীক্ষিত অবকাঠামোগত উন্নতির জন্য ESSER ফান্ড বরাদ্দ করেছে যা আমাদের বিল্ডিংগুলোর একান্ত প্রয়োজন, যার মধ্যে রয়েছে:

- ১ম পর্যায় ডিস্ট্রিক্টের প্রশাসনিক ভবন, কমিউনিটি সেন্টার, হরাইজন হাই স্কুল এবং টাউ বিটা স্কুলে HVAC-এর মানোন্নয়ন
- ১ম পর্যায় আর্লি চাইল্ডহুড ইলিমেন্টারিতে জানালা প্রতিস্থাপন
- ২য় পর্যায় আর্লি চাইল্ডহুড ইলিমেন্টারিতে HVAC-এর মানোন্নয়ন
- ২য় পর্যায় হল্ব্রুক ইলিমেন্টারিতে জানালা প্রতিস্থাপন
- হল্ব্রুক ইলিমেন্টারিতে রান্নাঘর সংযোজন/সংস্কার
- ৩য় পর্যায় হল্ব্রুক ইলিমেন্টারিতে HVAC-এর মানোন্নয়ন
- ৪র্থ পর্যায় কোসিয়াস্কো মিডল স্কুলে HVAC-এর মানোন্নয়ন

এই গ্রীষ্মে, আপনি বার্গার স্ট্রিটে ডিকিনসন ওয়েস্টের চারপাশে কন্সট্রাকশনের বেড়া দেখতে পাবেন যখন আমরা স্কুলের বেসমেন্ট লেভেলের ঠিক নিচে থেকে পুরানো কয়লার বিন ভরাট ও বন্ধ করব। এই প্রোজেক্টটি স্কুল বর্ষের শেষ সপ্তাহান্তের মধ্যে সম্পাদন হবে এবং গ্রীষ্মজুড়ে অব্যাহত থাকবে, আগস্টের শেষ সপ্তাহে সমাপ্ত হবে বলে আশা করা হচ্ছে। ডিসট্রিক্ট সাধারণ তহবিল ব্যবহার করে এই প্রোজেক্টের জন্য অর্থ প্রদান করবে।

চ্যালেঞ্জ সত্ত্বেও, আমরা স্থিতিশীল রয়েছি এবং হাতে থাকা কাজের দিকে মনোনিবেশ করছি। আমরা হ্যামট্রামিক পাবলিক স্কুল জুড়ে শিক্ষার্থীদের অর্জন এবং আমাদের অর্জনের দিকে মনোনিবেশ করে চলেছি এবং আমরা আমাদের শিক্ষার্থী, আমাদের ডিস্ট্রিক্ট এবং আমাদের কমিউনিটির ভবিষ্যত নিয়ে উৎসাহী।

আমাদের কমিউনিটির শিশু শিক্ষার অগ্রগতিতে আপনার অবদানের জন্য ধন্যবাদ। আমাদের প্রত্যাশা থাকবে আপনার গ্রীষ্মকালটি চমৎকার কাটুক এবং আপনি আমাদের সকল শিক্ষার্থীকে ছুটির সময় শেখার কার্যক্রমে ব্যস্ত সময় ব্যয় করতে উৎসাহিত করবেন যাতে আমরা যে গতি তৈরি করেছি সেপ্টেম্বরে তারা স্কুলে ফিরে আসার সময় তা আমরা ধরে রাখতে প্রস্তুত থাকি।

এই গ্রীষ্মে অনেক ভবনের উন্নয়ন করা হবে

বিল্ডিং ও গ্রাউন্ডস বিভাগ, পার্টনার্স ইন আর্কিটেকচারের সাথে মিলে আমাদের গ্রীষ্মকাল খুব কর্মব্যস্ততায় কাটতে যাচ্ছে। আমরা ডিস্ট্রিক্ট জুড়ে অনেক প্রোজেক্ট শুরু করব এবং আমাদের অনেক ভবনে উল্লেখযোগ্য ইতিবাচক প্রভাব পড়বে।

আমরা এই গ্রীষ্মে আমাদের কমিউনিটি সেন্টার, টাউ বিটা স্কুল, হরাইজন হাই স্কুল এবং প্রশাসনিক ভবনে আমাদের হিটিং ও কুলিংয়ের মানোন্নয়ন করব।

আর্লি চাইল্ডহুড ইলিমেন্টারি নির্মাণ দুইটি পৃথক প্রোজেক্ট নিয়ে গঠিত হবে; হিটিং ও কুলিংয়ের মানোন্নয়নের পাশাপাশি জানালা প্রতিস্থাপন।

হলব্রুক ইলিমেন্টারি বর্ধিত ভবনে নতুন জানালা ও রান্নাঘর পাবে, যা আমাদের শিক্ষার্থীদের খাবার পরিবেশনের জন্য একটি বৃহত্তর কর্মস্থল এবং উন্নত ব্যবস্থা সরবরাহ করবে। হলব্রুক বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য একটি খেলার মাঠও পাবে।

কোসিয়াসকো মিডল স্কুল/ডিকিনসন ওয়েস্ট ইলিমেন্টারিতে আমাদের শিক্ষার্থী ও কর্মীদের উভয়ের সুরক্ষা নিশ্চিত করার পাশাপাশি হামট্রামিক পরিবারের ভবিষ্যত প্রজন্মের জন্য ভবনের অখণ্ডতা নিশ্চিত করতে কিছু কাঠামোগত মেরামতের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।

বর্তমানে আমরা ডিকিনসন ইস্ট এলিমেন্টারি, হ্যামট্রামিক হাই স্কুল, কোসিয়াসকো মিডল স্কুল/ডিকিনসন ওয়েস্ট ইলিমেন্টারি এবং হলব্রুক ইলিমেন্টারি স্কুলে হিটিং/কুলিং ও জানালার মানোন্নয়নের পরিকল্পনা চূড়ান্ত করার জন্য আমাদের আর্কিটেক্টদের সাথে কাজ করছি।

রক্ষণাবেক্ষণ বিভাগ হামট্রামিক শহরের শিক্ষার্থী ও পরিবারের জন্য একটি আরামদায়ক ও স্বাস্থ্যকর গ্রীষ্ম কামনা করছে। আমরা শরতে আমাদের নতুন উন্নত ভবনে আপনাকে স্বাগত জানাতে অধীর আগ্রহে অপেক্ষা করছি।

ফিরে দেখা: ডিকিনসন ইস্ট ২০২২-২০২৩

আফরিন এফ. আলাভি
অধ্যক্ষ, ডিকিনসন ইস্ট ইলিমেন্টারি

আমরা আমাদের স্কুলের শেষ মাসের কাছাকাছি চলে এসেছি, তাই আমাদের ভাবনায় অতীতের প্রতিচ্ছবি ভেসে উঠছে।

আমাদের চাওয়া হলো আমরা আমাদের সাফল্য সনাক্ত করতে, চ্যালেঞ্জকে স্বাগত জানাতে, এবং চলমান প্রবৃদ্ধির জন্য সম্ভাব্য পথ পরিকল্পনা করতে সক্ষম হব। আমরা উদযাপনে আনন্দ পাই। প্রথমত, আমরা আমাদের উৎসাহী শিক্ষার্থী, দৃঢ়প্রতিজ্ঞ কর্মী এবং নিবেদিত পরিবারদেরকে সম্মান জানাই।

উপরন্তু, ওয়ালড লেক নর্দান হাই স্কুল তাদের বার্ষিক উপহার প্রদান উদ্যোগের জন্য ডিকিনসন ইস্টকে (DE) বেছে নেয় এবং ডিসেম্বরের সেই উষ্ণ দিনে আমাদের ডলফিনদের প্রচুর উপহার এবং কর্মীদের সুস্বাদু প্রাতঃরাশ এবং উপহার ভর্তি ব্যাগ দিয়ে আমাদেরকে বিস্মিত করে।

এছাড়াও, একজন প্রাক্তন DE কৃতি শিক্ষার্থী, বর্তমানে প্রযুক্তি ব্যবসায়ী, খুবই উদারভাবে ২০,০০০ ডলার অনুদানের জন্য আমাদের স্কুলটি বেছে নিয়েছে যা প্রতিটি গ্রেড লেভেলের জন্য ফিল্ড ট্রিপ সরবরাহ করতে সহায়তা করেছিল। এই তালিকা সুদীর্ঘ। আমাদের উপর বর্ষিত অনেক ছোট ও বড় নির্দশন দ্বারা আমরা অত্যন্ত আপ্লুত।

আমরা গত ১০ মাসে অনেক কিছু অর্জন করেছি এবং আগামী বছরের জন্য কিছু দৃঢ় লক্ষ্য অর্জনে কাজ করছি। সামনের দিনগুলোতেও, আমরা জিজ্ঞেস করতে থাকব: "আমরা আমাদের ডলফিনদের জন্য কী চাই, এবং কিভাবে আমরা তাদের সেখানে পৌঁছাতে সাহায্য করতে পারি?"

আমাদের সম্মিলিত লক্ষ্য হলো শেখা ও বিকাশের জন্য ভুল করা অত্যন্ত গুরুত্বপূর্ণ তা আমাদের শিক্ষার্থীদের বোঝানো। আমাদের উদ্যোগে, আমরা এমন একটি কমিউনিটি তৈরির চেষ্টা করি যা হলো পরিবার, এবং আমরা পিছনে ফিরে দেখা এবং সামনের কথা ভাবার সময়, আমরা আশা করি যে অধ্যবসায়ের ধারণা ২০২৩-২০২৪ বছরের জন্য DE-তে আমাদের লক্ষ্য ও কাজকে চালিত করবে।

টাউ বিটাতে 'সব দিনই ভাল দিন'

টাউ বিটা স্কুল ২০২২-২৩ সালে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। শুরুতে, আমাদের স্বীকৃত কর্মীদের ৯৫% ২০২২-২৩ স্কুল বর্ষের জন্য ফিরে আসে।

আমাদের শিক্ষার্থী তালিকাভুক্তি গড়ে প্রায় ২৫৫ জন শিক্ষার্থী চলমান রয়েছে। যখন শিক্ষার্থীরা টাউ বিটা ছেড়ে যায়, তখন তারা দীর্ঘ সময়ের জন্য বিদেশে ভ্রমণ করে অথবা হামট্রামিকের বাইরে যায়।

সাক্ষরতা এই বছর ডিস্ট্রিক্টের একটি গুরুত্বের বিষয় ছিল এবং আমাদের শিক্ষার্থীরা ৮৩% ইংরেজি ভাষা শিক্ষার্থী হওয়ার পাশাপাশি আমাদের সাপোর্ট স্টাফরা আমাদের পরিশ্রমী পাঠকদের একাডেমিক চাহিদা সর্বোত্তমভাবে পূরণের জন্য গ্রুপিং সংশোধন করেছে।

আমাদের সাপোর্ট স্টাফে ২ জন EL শিক্ষক এবং একজন টাইটেল রিডিং শিক্ষক রয়েছেন। মিসেস প্রাইস (EL বিল্ডিং কোঅর্ডিনেটর) ৮১ জন শিক্ষার্থীকে সেবা দেন, মিস লারসেন (EL শিক্ষক) ৮২ জন শিক্ষার্থীকে সেবা দেন এবং মিসেস রুজিকি (টাইটেল রিডিং শিক্ষক) সারা বছর গড়ে ৬৭ জন শিক্ষার্থীকে সেবা দেন। তাদের প্রচেষ্টা অগ্রাহ্য হয় না এবং শিক্ষার্থীরা ছোট গ্রুপের অভিজ্ঞতা উপভোগ করে। প্রাথমিক শিক্ষকরা ফান্ডেশন (K, ১ম, ২য়) এবং জাস্ট ওয়ার্ডস (ইন্টারভেনশন, গ্রেড ৩+) বাস্তবায়নের মাধ্যমে সরাসরি ফোনিকস নির্দেশনা প্রয়োগ করেন।

আমরা ইতোমধ্যে শরৎ থেকে শীতকাল পর্যন্ত স্থানীয় ডাটা বিশ্লেষণ করে শিক্ষার্থীদের পড়ার দক্ষতা বৃদ্ধি দেখেছি এবং আমাদের বসন্তের ফলাফলের জন্য অপেক্ষা করছি!

আমাদের মিডল স্কুলের শিক্ষার্থীরা এখন সকল কনটেন্ট এরিয়ার জন্য রূপান্তরমূলক ক্লাস পায়। আমরা একটি STEM (বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল, গণিত) পাঠ্যক্রম, প্রজেক্ট লিড দি ওয়ে (PLTW) চালু করেছি যা অর্থবহ ভবিষ্যৎ তৈরির জন্য আমাদের শিক্ষার্থীদের অভিজ্ঞতা প্রদান করে।

আমাদের শিক্ষকরা শ্রেণিকক্ষের বাইরে আমাদের শিক্ষার্থীদের জন্য তাদের পাঠ সম্প্রসারিত করার সুযোগ অন্তর্ভুক্ত করেছেন। টাইটেল ফান্ডিংয়ের মাধ্যমে, আমরা হলোকাস্ট যাদুঘর, ডেট্রয়েট ঐতিহাসিক যাদুঘর, হেনরি ফোর্ড যাদুঘর, ডেট্রয়েট ইনস্টিটিউট অফ আর্টস এবং ডোসিন গ্রেট লেকস যাদুঘরের মাধ্যমে আমাদের শিখন অভিজ্ঞতা উন্নত করেছি।

আমরা ক্র্যানব্রুক ইনস্টিটিউট অফ সায়েন্সের সাথে একটি আকর্ষণীয় সমাবেশ এবং ক্লাসরুমে বিজ্ঞান প্রদর্শনী ও পরীক্ষণের জন্য অংশীদারিত্ব করেছি।

আমাদের পুনরুদ্ধারমূলক অনুশীলন কোর্ডিনেটর, ড্যানিয়েল নাগলের সহায়তায়, আমরা শিক্ষার্থীদের সাপ্তাহিক শিক্ষার্থী প্রণোদনার মাধ্যমে আমাদের ইতিবাচক আচরণ মধ্যস্থতা এবং সহায়তা সিস্টেমটি সংস্কার ও উন্নত করেছি।

শিক্ষার্থীরা স্টাফ সদস্য কর্তৃক প্রতিদিন মূল্যায়িত হয়, এবং PAWsitive টাইগার টিকিট সংগ্রহ করে। ইলিমেন্টারি শিক্ষার্থীরা মজার পুরস্কার অর্জন করে এবং মিডল স্কুলের শিক্ষার্থীরা এই টিকিট দিয়ে একটি আর্থিক ব্যবস্থা ব্যবহার করে নির্বাচিত আইটেমগুলো (বাইরে সামাজিক সময় কাটানো, দুপুরে খাওয়ার জন্য পিৎজা, বিল্ডিং অ্যাসিস্ট্যান্ট, এবং আরো অনেক কিছু) কিনতে পারে।

আমাদের স্কুল সোশ্যাল ওয়ার্কার, এমি ভ্যালিয়েনকোর্ট, PBIS টুল আমাদের সংগ্রহে যোগ করে প্রচুর রিসোর্স সরবরাহ করেছেন। একটি নির্দিষ্ট প্রোগ্রাম যাতে তিনি দায়িত্বরত ছিলেন তা হলো Navigate360।

Navigate360 এমন শিক্ষার্থীদের জন্য আপন গতিতে পাঠ সরবরাহ করে যাদের সামাজিক/মানসিক চাহিদার ক্ষেত্রে মধ্যস্থতা বিষয়ক সহায়তা প্রয়োজন যা পর্যবেক্ষণকৃত আচরণকে লক্ষ্য করে। শিক্ষকদের এই টুল ব্যবহার করতে উৎসাহিত করা হয় কারণ আমরা সারা বছর ধরে ক্যারেক্টার ট্রেইটে গুরুত্বারোপ অব্যাহত রাখি।

এই বছর মার্চ মাসে আমরা "এক বই, এক স্কুল"-এ অংশ নিয়েছি, এবং আমাদের শিক্ষার্থীদের শার্লট'স ওয়েবের একটি কপি সরবরাহ করেছি, তাদের বাড়িতে লাইব্রেরি তৈরি অব্যাহত রেখেছি এবং বাড়িতে সাক্ষরতা অনুশীলনকে উৎসাহিত করছি।

কর্মীরা স্বেচ্ছাসেবী হয়ে অধ্যায়গুলো রেকর্ড করায় সময় দিয়েছিলেন যা যোগাযোগ প্ল্যাটফর্মে পরিবারগুলোকে সরবরাহ করা হয়েছিল। এই প্রণোদনা আমাদের কমিউনিটিকে বইয়ে অ্যাক্সেস সরবরাহ করে এবং পরিবারকে শিখন প্রক্রিয়ায় সম্পৃক্ত করে। আমরা আগামী কয়েক বছর ধরে এটি চালিয়ে যেতে উৎসাহী!

টাইগার হওয়ার জন্য টাউ বিটার প্রতিদিনই ভালো দিন!

ডিকিনসন ওয়েস্টে ২০২২/২৩ স্কুল বর্ষ ছিল অসাধারণ!

জই ড্যানফোর্থ
অধ্যক্ষ, ডিকিনসন ওয়েস্ট

আমরা স্কুল চলাকালীন সময়ে আমাদের W.I.N. (আমার যা প্রয়োজন) সময় পুনরায় চালু করার জন্য কাজ করেছি; প্রতি গ্রেড লেভেলে এই ৩০ মিনিট সময়ের ব্লকটি শিক্ষক ও শিক্ষার্থীদের তাদের হাতের কাজ বন্ধ রেখে, আমাদের শিক্ষার্থীদের যে ঘাটতি থাকতে পারে তা সমাধানে সাহায্য করার জন্য তৈরি করা হয়েছে।

আমরা এই সময়টি প্রতিটি শিক্ষার্থী শেখার জন্য কতটা প্রস্তুতি সেই স্তরে গণিত ও রিডিং পর্যালোচনা করতে ব্যয় করি। এটি DW-কে লার্নিং গ্যাপ বন্ধ করতে সাহায্য করছে এবং শিক্ষার্থীরা বছরের নিয়মিত বিকাশ ছাড়িয়ে যেতে শুরু করেছে।

ডিকিনসন ওয়েস্ট লার্নিং কমিউনিটি ৬ষ্ঠ গ্রেডারদের জন্য বুলডগ ক্যাফেও চালু করেছে। এটি ৬ষ্ঠ গ্রেডারদের জন্য শুধুমাত্র তাদের মিস করা কাজটি করার সময়ই নয়, বরং শিক্ষকদের জন্য শিক্ষার্থীরা আয়ত্ত করতে পারেনি এমন ধারণাগুলো পুনরায় শেখানোর সুযোগ।

এই সুযোগটি শিক্ষার্থীদের মাঝে আত্ম-জবাবদিহিতার অনুভূতি তৈরি করতে এবং নিরাপদ স্থানে অতিরিক্ত সাহায্য পেতে সাহায্য করে। বুলডগ ক্যাফে প্রতি সপ্তাহে দুইবার স্কুলের পরে চলে এবং আমরা আগামী বছর ৫ম গ্রেড এবং স্কুল সময়ের পরে অতিরিক্ত সময় যোগ করে এই কর্মসূচি বাড়ানোর চেষ্টা করছি।

ডিকিনসন ওয়েস্ট কমিউনিটি এই স্কুল বর্ষে শিক্ষার্থীদের একটি সংস্থা হিসেবে বিকশিত হয়েছে। পরবর্তী স্কুল বর্ষ যাই নিয়ে আসুক না কেন, আমরা আমাদের শিক্ষার্থীদের জন্য সম্মিলিত দায়িত্বশীলতার জায়গা থেকে প্রতিটি চ্যালেঞ্জ মোকাবেলা করে যাব। শিক্ষার্থীরা যাতে প্রয়োজনীয় শিক্ষা ও সহায়তা পায় তা নিশ্চিত করার জন্য আমরা একটি দল হিসেবে কাজ করব এবং আমরা আমাদের স্কুলের ভবিষ্যৎ অগ্রগতি দেখার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি।

আমাদের অসাধারণ কর্মীদের ধন্যবাদ যারা ২০২২/২৩ স্কুল বর্ষ জুড়ে আমাদের শিক্ষার্থী ও পরিবারদের যত্ন নেওয়ার জন্য কঠোর পরিশ্রম করেছেন।

শিক্ষার কাজটি কঠিন এবং আপনারা সবাই আপনাদের নিজের ব্যক্তিগত জীবন ও পরিবারের খেয়াল রাখার পাশাপাশি আমাদের শিক্ষামূলক কমিউনিটিকে সহায়তা করার জন্য কাজ করে যাচ্ছেন; এর জন্য আপনাদের প্রশংসা করি। বীররা এভাবেই অবদান রাখেন!

আমরা জানি না ভবিষ্যতে কী হবে, তবে আমরা চ্যালেঞ্জের জন্য প্রস্তুত আছি!

Obituaries

LEWKOWIC

Alan Lewkowicz, 74, died May 16, 2023.

Brother of Joan, Peter (Noel) Zajac and the late James and Robert; step brother of Deb Sikora and Brian Zajac. Alan is also survived by many nieces and nephews.

Alan served his country in the United States Army and then served the City of Hamtramck as the Deputy Treasurer and Deputy City Clerk.

Memorial Visitation, Saturday, June 3, 2023, from 12 Noon till 3 PM at Jurkiewicz & Wilk Funeral Home, 2396 Caniff, Hamtramck MI 48212. Inurnment at a future date at Great Lakes National Cemetery, Holly MI.

Daily 3&4™

STRAIGHT BACK BONUS℠

MATCH YOUR STRAIGHT BET IN REVERSE AND WIN!

$1,000 Daily4™

$100 / $50 Daily3™

WHAT'S YOUR NUMBER?

Now for a limited time in June, Straight Back Bonus doubles your chance to win cash. Just play your usual Daily 3&4 numbers. If you match your straight bet in reverse, you'll win. Drawings are twice a day, seven days a week at 12:59 pm and 7:29 pm. Visit your favorite Lottery retailer and play Daily 3&4 today.

MICHIGAN LOTTERY PLAY RESPONSIBLY 18+

2-WAY, BOXED AND 1-OFF BETS NOT ELIGIBLE. WHEEL BET WINNERS WILL BE PAID THE STRAIGHT PRIZE ONLY AND ARE NOT ELIGIBLE FOR THE REVERSE PRIZE. Daily 3 odds: Straight Back Bonus: 1 in 1,010; Straight: 1 in 1,000; 3-Way Box: 1 in 333; 6-Way Box: 1 in 167; 1-Off Straight: 1 in 1,000; 1-Off One Digit: 1 in 167. Daily 4 odds: Straight Back Bonus: 1 in 10,101; Straight: 1 in 10,000; 4-Way Box: 1 in 2,500; 6-Way Box: 1 in 1,666; 12-Way Box: 1 in 833; 24-Way Box: 1 in 416; 1-Off Straight: 1 in 10,000; 1-Off One Digit: 1 in 1,250. Knowing your limits is always the best bet. Call the Michigan Problem Gambling Helpline for confidential help at 1-800-270-7117.

MICHIGAN LOTTERY™

Meet the 2023 graduates of Hamtramck High

Abdullah, Abdulrahman

Abdo, Ramzi

Ahmed, Foysal

Ahmed, Maysha

Ahmed, Nishat

Ahmed, Samia

Ahmed, Sarraf

Ahshan, Ahmed

Aiyash, Fatima

Aiyash, Reyma

Aziz, Kaise

Aktar, Samira

Akther, Samia

Al Hemyari, Ali

Al Qosimi, Gehan

Al-Aqab, Yacoab

Al-Gaadi, Anwar

Al-Awdi, Janat

Al-Namer, Younise

Al-Rezaki, Hamzah

Al-Sanabani, Elias

Alawdi, Muad


Alduais, Mohammed

Algahim, Asem

Algohim, Nabiha

Alhalimi, Nasem

Ali, Jawagd

Ali, Nashwan

Ali, Samah

Almadrahi, Nagi

Almansob, Mukalah

Alomari, Haneen

Alowdi, Asma

Alrefaee, Abdu

Alrfai, Thar

Alrohani, Bassmah

Alsalamy, Ahmed


Alsayadi, Najmaddin


Alshabi, Mohammed

Alshuweyh, Thyab

Alshuweyh, Thyab

Alsomairi, Shahs

Balija, Erol

Begum, Gulnaj

Begum, Humayra

Begum, Nadia

Begum, Nadiah

Begum, Naima

Biswas, Projita

Brooks, Alica

Brown, Zante'

Bushra, Fatehatul

Buzhala, Gege

Chowdhury, Bushra

Chowdhury, Mahdiath

Chowdhury, Mahmuda

Chowdhury, MD-Arafat


Chowdhury, Nafisa

Chowdhury, Tasmi

Chowdhury, Walida

Craig, Jasmin

Custovic, Tarik

Dagenah, Musleh

Das, Moumita

Das, Susmita

Dass, Bristy

Deumah, Ali

Deumah, Bassam

Dipthi, Humayra

Elahi, Syed

Faddell, Hamam

Fadel, Omer

Fadhel, Mohamed

Fazlic, Emana

Floyd, Christian

Frazier, Ke'Ontae

Glover, Destiny

Griffin, Deon

Hannan, Mahfuja

Meet the 2023 graduates of Hamtramck High

Haque, Nabiul

Hasan, Md

Hasnath, Holy

Hassan, Abrahim

Hassan, Roaida

Hatibovic, Benjamin

Higgins, Caleyah

Hinton, Arianna

Holcomb, Kianna

Homran, Raha

Howaig, Mohamed

Hujran, Reem

Hussain, Jahangir

Hussain, Sakib

Hussain, Sam

Hussein, Hannan

Imran, Daniyal

Islam, Hushen

Islam, MD

Islam, Shahriar

Islam, Talal

Islam, Tayeful

Islam, Thawhidul

Ismail, Rawan

Jackson, Dalejah

Jahan, Nusrat

Karasuljic', Eldina

Karim, Md

Khan, Forhad

Khan, Omar

Khatun, Syeda

Khess, Cynthia

Lewis, Shawna

Lihan, Akib

Maruf, Istiak

Mashrah, Al-Khalil

Masood, Mohamed

Masud, MD

Mesic, Selma

Mieses, Eman

Mikixi, Dieu-Merci

Miller, Jalen

Mjalli, Mohamed

Mohamed, Asalaih

Mohamed, Shawk

Mohammed, Hazem

Mohsin, Haneen

Mozeb, Fatimah

Mozeb, Gamal

Muthana, Kassim

Nasser, Gameel

Ndume, Raphael

Nehar, Tasnin

Nessa, Kanij

Newaz, Yaseen

Obeid, Duaa

Omar, Marwah

Omi, Habiba

Panczyszyn, Amy

Qureshi, Zara

Rageh, Sarah

Rahimee, Alaa

Rahman, Mahzabin

Rahman, MD

Rahman, MD-Saidur

Rahman, Mohammad

Rahman, Mohammed

Rahman, Nabila

Rahman, Salwa

Rogers, Zoe

Ross, Diamonique

Roy, Bishal

Roy, Mowmita

Saleh, Jawad

Saleh, Nosaibah

Samim, Sammi

Shaid, Abdul

Shuma, Shanara

Siddika, Halima

Siddique, Refath

Meet the 2023 graduates of Hamtramck High

Sims, Aaniyah

Soleman, Awlia

Suhan, Nihadur

Sultana, Jakia


Talha, Khubayab

Tanni, Sumaiya

Tarakuzzaman, Mohammed

Thompson, MiLena

Tripty, Rayhana

Uma, Maybsha

Williams, Kendriayna

Wright, Cameron

Wright, Quran

Meet the 2023 graduates of Horizon High

Abdullah Kayali


Adbulrahman Naji

Abdulrahman Yahya

Abdulwahed Obaid

Ali Hamood

Ali Obaid

Amari Allen

Amin Algahim

Amir Peterson

Andre' Stubbs

Antania Green

Ardur Rahul

Bishal Paul

Brianna Conley

Christine Kegler

Dai'Chele Stephens

Eshaq Al Najjar

Essma Alzawkari

Fahd Albaadani

Gamal Zokari

Ithtissam Alzawkari

Ja'Nyiha Mims-Smith

Jamel Collins

Jeremiah Williams

Kareem Powell

Karim Al Robaiey

Khatab Alhadai

Lola Graysob

Lorenzo Franklin

Marlon McClure-Dewalt

Marquail Charleston

Mawdud Jannat

Melvin Taylor

Mohamed Alhadai

Mohammed Ahmed

Mohammed Al-Masmari

Montez Jones

Murshida Zaman

Naima Taylor

Nesrain Alomari

Quintin Bell

Rami Alzokary


Rashid Fadel

Robert Ashford

Sergio Valentine

Shakil Ahmed

Shania Jackson

Tawhid Ahmed

Terayah Carpetner

Thomas Morgan

Todd Priestly

Tyler Edge

Wagdy Kassim

The Hamtramck Review
Published every Friday

3020 Caniff, Hamtramck, MI 48212 Phone: 313-874-2100 Fax: 313-874-2101
www.hamtramckreview.com • email news@thehamtramckreview.com

Publisher: John Ulaj • (248) 866-1110 • julaj@thehamtramckreview.com
Editor: Charles Sercombe Office Manager: Jean Ingenthron
Sales Manager: Dave Sweet Copy Editor: Alan Madlane

This newspaper is not responsible for mistakes in advertising beyond the cost of the space involved.

Congratulations Class of 2023 Seniors

আর্লি ইলিমেন্টারি স্কুলে ‘সকল শিশুর’ উপর গুরুত্ব আরোপ

ভিকি স্মিথ
অধ্যক্ষ, ECE

আর্লি চাইল্ডহুড ইলিমেন্টারি স্কুল হ্যামট্রামিক স্কুল ডিস্ট্রিক্টে আমাদের ক্ষুদে শিক্ষার্থীদের জন্য পরিকল্পিত হয়েছে।

ECE হলো একটি বাগানের মতো, যেখানে সকল শিক্ষার্থীরা আমাদের অভিজ্ঞ কর্মীদের ভালোবাসা ও নিবিড় যত্নে বেড়ে উঠে এবং পরিপূর্ণ মানুষ রূপে বিকশিত হয়। সেই সাথে ইতিবাচক ভিন্নতা তৈরির মধ্য দিয়ে বিশ্বের অগ্রযাত্রায় অবদান রাখে।

আমরা এই বছর অনেক চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছি, এরপরও ECE Cub-রা সব বাধা পেরিয়ে সামনে এগিয়ে গিয়েছে এবং সফল হয়েছে। আমাদের নিবেদিতপ্রাণ, দক্ষ ও অভিজ্ঞ কর্মীরা সামাজিকভাবে, মানসিকভাবে, একাডেমিকভাবে, এবং শারীরিকভাবে “সকল শিশুর” প্রতি সমান গুরুত্ব আরোপে বিশ্বাসী। ECE-তে আমরা আমাদের সব শিক্ষার্থী ও পরিবারকে ভালোবাসি।

আমাদের শিক্ষার্থীরা অধ্যবসায় ও সহনশীলতার মধ্য দিয়ে একাধিক পর্যায়ের ওপর জ্ঞান লাভ করেছে, নতুন বন্ধু তৈরি করেছে, এবং প্রমাণ করেছে যে একজন যত্নশীল শিক্ষকের সহযোগিতায় শিশুরাও পারে এবং অসাধ্য সাধন করে দেখাতে পারে।

শ্রেণিকক্ষগুলোর মধ্য দিয়ে হেঁটে যাওয়ার সময় আমি দেখতে পাই, শিক্ষার্থীরা ECE-তে কতটা আনন্দ আর উৎসাহের সাথে সময় কাটাচ্ছে। আমি দেখতে পাই শিক্ষক ও কর্মীরা সকল শিক্ষার্থীর সুপ্ত প্রতিভা বিকশের জন্য প্রয়োজনীয় সহায়তা নিশ্চিত করতে নিরন্তর কাজ করে যাচ্ছে। শিক্ষার্থীরা হাসছে, আনন্দ করছে। তারা তাদের অর্জন নিয়ে গর্বিত ও আত্মবিশ্বাসী।

ECE-তে, আমরা পরিবারদের সাথে সুদৃঢ় পারস্পরিক সহযোগিতামূলক সম্পর্কে বিশ্বাসী। আমাদের কিছু শিক্ষকের “বংশানুক্রমিক শিক্ষার্থী” রয়েছে, কারণ এখন তারা অতীতে যে শিশুদের পড়িয়েছিলেন তাদের সন্তানদের পড়াচ্ছেন।

ECE-এর শ্রেণিকক্ষের বাইরে ও ভেতরে এই ভালোবাসা যেন উত্তরাধিকারসূত্রে বছরের পর বছর ধরে বেঁচে আছে। প্রাঙ্গণে ফুলের গাছ লাগানো থেকে শুরু করে ফিল্ড ট্রিপ পর্যন্ত সব ক্ষেত্রে, সাংস্কৃতিক উদযাপন, মিউজিক কনসার্ট, সকল শিক্ষার্থীর জন্য ম্যাথ ল্যাব, STEAM ল্যাব, অ্যারাবিক ক্লাব, এবং হ্যাট প্যারেড ECE-এর শিক্ষাগ্রহণের পরিবেশকে সমৃদ্ধ করেছে।

সত্যি বলতে, ECE হলো শিশুদের শিক্ষাগত ক্ষমতায়নের আদর্শ স্থান!

এখন HPS ডিস্ট্রিক্টে তালিকাভুক্ত হওয়ার সময়

গ্যারি স্টিভেন্স
শিক্ষার্থীদের সার্ভিস ডিরেক্টর

১৫ মার্চ, ২০২৩ তারিখে, আমরা হ্যামট্রামিক কমিউনিটি সেন্টারে ২০২৩-২০২৪ স্কুল বর্ষের জন্য আমাদের কিন্ডারগার্টেনে ভর্তি উৎসব আয়োজন করেছি।

আমরা ৩০ টিরও বেশি পরিবারকে তাদের শিক্ষার্থীদের নিবন্ধন করতে এবং হ্যামট্রামিক পাবলিক স্কুলস কী অফার করছে সে সম্পর্কে আরো জানাতে ইভেন্টে পেয়েছিলাম।

পরিবার ও শিক্ষার্থীরা ডিস্ট্রিক্ট জুড়ে কিন্ডারগার্টেনের শিক্ষক ও অধ্যক্ষদের সাথে দেখা করতে পেরেছিল। বর্তমানে আমরা আমাদের বার্ষিক হ্যামট্রামিক পাবলিক স্কুলস পারিবারিক আনন্দ মেলার পরিকল্পনা করছি যা বুধবার ১৬ আগস্ট, ২০২৩ তারিখে পুলাস্কি পার্কে সকাল ১১টা থেকে দুপুর ২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

শিক্ষার্থীদের অংশগ্রহণের জন্য আমাদের কাছে উপহারসহ মজার সব আয়োজন থাকবে। আরো তথ্য জানতে অনুগ্রহ করে জুলাই ও আগস্ট মাসে www.hamtrmack-schools.org এই ঠিকানায় আমাদের ওয়েবসাইট ভিজিট করুন।

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের জন্য তালিকাভুক্তি শুরু হয়েছে। আপনি যদি বর্তমানে হ্যামট্রামিকের বাসিন্দা হন এবং কোনো শিক্ষার্থী ভর্তি করাতে চান, তবে অনুগ্রহ করে সোমবার - শুক্রবার সকাল ৯টা থেকে বেলা ৩টা পর্যন্ত প্রশাসনিক ভবনে নিম্নলিখিত তথ্য নিয়ে আসুন।

এছাড়াও একটি তালিকাভুক্তির প্যাকেট পূরণ ও জমাদান করতে হবে এবং এতে অন্তর্ভুক্ত থাকবে:

- মা/বাবা/অভিভাবকের ছবিসহ আইডি
- আবাসস্থলের কাগজপত্রের প্রমাণ (গ্যাস, বিদ্যুৎ, ফোন, পানি, ক্যাবল, সম্পত্তি কর বিল ইত্যাদি...) তালিকাভুক্তির শেষ ৩০ দিনের মধ্যে জমা দিতে হবে
- শিক্ষার্থীর জন্ম সনদ (ইংরেজিতে অনূদিত হতে হবে)
- হালনাগাদকৃত টিকাদানের রেকর্ড
- স্বাস্থ্য মূল্যায়ন (শুধুমাত্র কিন্ডারগার্টেনের জন্য)
- কিন্ডারগার্টেনের ওয়েভার (যদি শিক্ষার্থীর বয়স ২রা সেপ্টেম্বর থেকে ১রা ডিসেম্বরের মধ্যে ৫ বছর হয়)

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের স্কুল অফ চয়েস প্রোগ্রামের জন্য তালিকাভুক্তি শুরু হয়েছে এবং ৩১ জুলাই, ২০২৩ পর্যন্ত চলবে।

এটি সকল ওয়েন কাউন্টি বাসিন্দাদের জন্য উন্মুক্ত।

আপনি যদি ২০২৩-২০২৪ স্কুল বর্ষের জন্য আপনার শিক্ষার্থীকে হ্যামট্রামিক পাবলিক স্কুলে পড়াতে চান, তাহলে অনুগ্রহ করে সোমবার - শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৩টার মধ্যে প্রশাসনিক ভবনে নিম্নলিখিত তথ্য নিয়ে আসুন। একটি তালিকাভুক্তির প্যাকেটও পূরণ করতে হবে এবং জমা দিতে হবে। আগস্ট মাসে US মেইলের মাধ্যমে সিদ্ধান্ত জানিয়ে চিঠি পাঠানো হবে।

আপনাকে এর সাথে দিতে হবে:

- মা/বাবা/অভিভাবকের ছবিসহ আইডি
- বসবাসের কাগজপত্রের প্রমাণ (গ্যাস, বিদ্যুৎ, ফোন, পানি, ক্যাবল, সম্পত্তি কর বিল ইত্যাদি...) তালিকাভুক্তির শেষ ৩০ দিনের মধ্যে জমা দিতে হবে
- শিক্ষার্থীর জন্ম সনদ (ইংরেজিতে অনূদিত হতে হবে)
- হালনাগাদকৃত টিকাদানের রেকর্ড
- ২১-২২ ও ২২-২৩ ডিসিপ্লিন রেকর্ড
- ২২-২৩ ট্রান্সক্রিপ্ট/বছর শেষের রিপোর্ট কার্ড
- স্বাস্থ্য মূল্যায়ন (শুধুমাত্র কিন্ডারগার্টেনের জন্য)
- কিন্ডারগার্টেনের ওয়েভার (যদি শিক্ষার্থীর বয়স ২রা সেপ্টেম্বর থেকে ১রা ডিসেম্বরের মধ্যে ৫ বছর হয়)

প্রযুক্তি বিভাগ আমাদের স্কুলগুলো উন্নত করা অব্যাহত রেখেছে

মার্ক উইলকিনসন
প্রযুক্তি ডিরেক্টর

স্কুল বর্ষের সমাপ্তি ঘনিয়ে আসছে এবং এই একাডেমিক সেশনের ইতিবাচক দিকগুলো ফিরে দেখার সময় এসেছে।

আমরা গর্বের সাথে বলতে পারি যে আমাদের ECF 1:1 টেক-হোম উদ্যোগটি এখনো প্রক্রিয়াধীন রয়েছে। অনুদান শেষ হওয়ার আগে আমাদের আরো এক দফা ডিভাইস কেনার আছে।

এছাড়াও, আমরা মে মাসের শেষ সপ্তাহের জন্য সিনিয়রদের Chrome-book জমাদানের সময় নির্ধারণ করেছি এবং শ্রেণি শিক্ষকদের iPad প্রদান করেছি। আমরা নমনীয় নির্দেশনামূলক ব্যবহারের জন্য শিক্ষকদের ল্যাপটপ, মনিটর এবং ডকিং স্টেশন স্থাপনও শেষ করেছি।

হরাইজন হাই স্কুলে, আমরা ViewSonic বোর্ডগুলো রিফ্রেশ করেছি, সেইসাথে ECE-তে আমরা নতুন বোর্ড চালু করেছি। এছাড়াও, আমরা ECE-তে একটি অডিটোরিয়াম প্রজেক্টর স্থাপনের জন্য প্রোজেক্ট তৈরি করেছি। নেটওয়ার্কের নিরাপত্তা বাড়ানোর জন্য ১০ জুনের মধ্যে ডিসট্রিক্টব্যাপী কর্মীদের জন্য টু-ফ্যাক্টর অথেনটিকেশন স্থাপন করা হবে।

আসন্ন স্কুল বর্ষকে সামনে রেখে, আমরা ViewSonic বোর্ডগুলোর ব্যবস্থাপনা কেন্দ্রীভূত করার পরিকল্পনা করছি। আমরা সম্পূর্ণ ফেডারেলের-অর্থায়নে প্রায় এক হাজার Chromebook ক্রয় ও প্রদান করব।

এছাড়াও, আমরা একটি অতিরিক্ত ফায়ারওয়াল, নেটওয়ার্ক ইলেকট্রনিক্স স্থাপন করব এবং ফাইবার অপটিক রক্ষণাবেক্ষণ সম্পন্ন করব। সবশেষে, আমরা বোর্ড রুমে উন্নত অডিও ও ভিডিও স্ট্রিমিং সরঞ্জাম সেট আপ করব।

আমরা স্কুল ও পরিবারের মধ্যে যোগাযোগের গুরুত্ব স্বীকার করি, বিশেষত এই চ্যালেঞ্জিং সময়ে। শিক্ষার্থীদের শিক্ষাযাত্রায় অংশীদার হওয়া শিক্ষক ও অভিভাবকদের জন্য সর্বাধিক গুরুত্বপূর্ণ।

অতএব, অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনার সন্তানের স্কুলে হালনাগাদকৃত সেল ফোন এবং ইমেইলের মাধ্যমে যোগাযোগের তথ্য রয়েছে। গুরুত্বপূর্ণ যোগাযোগ বাদ পড়া এড়াতে শুধু স্কুলের সেক্রেটারিকে দ্রুত ফোন কল বা ইমেইল করাই যথেষ্ট।

আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে আমাদের প্যারেন্ট স্কয়ার সিস্টেমটি দেখায় যে আমাদের পরিবারগুলোর ৭৭% এই প্ল্যাটফর্মের আওতাধীন।

সবশেষে, আমি হ্যামট্রামিক পাবলিক স্কুলসের সকল শিক্ষার্থী, পরিবার ও কর্মীদের জন্য একটি প্রত্যাশিত, নিরাপদ, স্বাস্থ্যসম্মত ও আনন্দময় গ্রীষ্মকালীন ছুটি কামনা করি!

ইংরেজি ভাষা শিক্ষার্থীরা আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার

মির্জানা মারোস
ইংরেজি ভাষা বিকাশ

ELD বিভাগ হ্যামট্রামিক পাবলিক স্কুলসে দ্রুততম ক্রমবর্ধমান শিক্ষার্থী সংখ্যার সাথে দ্রুতবর্ধনশীল বিভাগ।

এজন্য, ELD বিভাগ নিশ্চিত করে যে সকল দ্বিভাষিক ও বহুভাষিক শিক্ষার্থী (MLL) হ্যামট্রামিক পাবলিক স্কুলে তাদের সম্পূর্ণ শিক্ষাগত ও একাডেমিক অভিজ্ঞতার মাধ্যমে প্রথম দিন থেকে সহায়তা প্রাপ্ত ও স্বাগত বোধ করে।

ELD বিভাগ, তার অত্যন্ত যোগ্যতাসম্পন্ন, প্রতিশ্রুতিবদ্ধ ও নিবেদিত কর্মীদের সাথে সকল ELD শ্রেণিকক্ষে সর্বোত্তম গবেষণাকৃত অনুশীলন নিশ্চিত করে, HPS পরিবারগুলোকে রিসোর্সের সাথে সংযুক্ত করে এবং মা/বাবাদের সম্পৃক্ততা বিষয়ক চলমান কার্যক্রমের মাধ্যমে পরিবারকে সক্ষম করে শিক্ষার্থী, মা-বাবা ও কমিউনিটির জীবনে একটি পার্থক্য তৈরি করছে।

এই স্কুল বর্ষে, HPS ELD বিভাগ তাদের শিক্ষার্থীদের অনেক অর্জন উদযাপন করতে পেরে গর্বিত। বোর্ড জুড়ে, আমাদের বহুভাষী শিক্ষার্থীরা WIDA অ্যাক্সেস স্টেট অ্যাসেসমেন্টে বিকাশ দেখাচ্ছে এবং দক্ষতার কারণে ৯৯ জন শিক্ষার্থী EL প্রোগ্রাম থেকে বেরিয়ে গেছে।

তাদের নিয়ে উদযাপন করা হয়েছে এবং সাপ্লাই ভর্তি ব্যাকপ্যাক দিয়ে পুরস্কৃত করা হয়েছে এবং তারা কৃতিত্বের সনদ পেয়েছে। আসন্ন স্কুল বর্ষের জন্য এই উদযাপনটি সম্প্রসারিত করার পরিকল্পনা রয়েছে।

ELD বিভাগ আমাদের শিক্ষার্থী, শিক্ষক, প্রশাসক ও সহায়ক মা-বাবাদের প্রতিশ্রুতির কল্যাণে WIDA অ্যাক্সেস থেকে আরো বেশি সংখ্যক ইংরেজি শিক্ষার্থীরা বের হওয়া প্রত্যাশা করছে।

এই মাসে, ৪০ জন সিনিয়রকে সিল অফ বাইলিটারেসি দেওয়া হবে, যা একটি নতুন উদ্যোগ এবং হাই স্কুল পাশের সময় দুই বা ততোধিক ভাষায় অধ্যয়নকারী এবং দক্ষতা অর্জনকারী শিক্ষার্থীদের স্বীকৃতি হিসেবে স্টেট কর্তৃক প্রদত্ত একটি পুরস্কার। ELD বিভাগ দ্বিভাষিকতা ও বহুভাষিকতাকে ২১ শতাব্দীর দক্ষতা হিসেবে মূল্যায়ন করে, স্বীকৃতি দেয় এবং উদযাপন করে যা পার্থক্য তৈরি করে, শিক্ষার্থীদের চাহিদাপূর্ণ ও প্রতিযোগিতামূলক কর্মশক্তির জন্য সজ্জিত করে এবং আধুনিক সমাজে পরিবর্তনকে প্রভাবিত করে।

এছাড়াও, ELD বিভাগ শুধুমাত্র MLL সনাক্তকরণ ও প্লেসমেন্ট, ফর্মার ইংরেজি ভাষা (FEL) মনিটরিং, পরিকল্পনা এবং EL গ্রুপ সম্পর্কিত উপযুক্ত কর্মী উন্নয়ন পরিচালনা, MLL শিক্ষার্থীদের জন্য উপযুক্ত নির্দেশনার পরিকল্পনা ও বিতরণের জন্যই নয়, বরং শিক্ষার্থীদের অর্জন ও পার্সোনালাইজড লার্নিংয়ে অ্যাক্সেসের জন্য সকল শিশুপদ্ধতির জন্যও দায়ী।

এই কারণেই ELD বিভাগের ভবিষ্যৎ কার্যক্রম প্রতিটি বহুভাষী ও দ্বিভাষী শিক্ষার্থীর প্রয়োজনকে কেন্দ্র করে এবং অত্যন্ত স্বয়ংক্রিয়, দ্রুত গতির প্রযুক্তিগত পরিবেশে কলেজ, ক্যারিয়ার ও জীবনের জন্য তাদের প্রস্তুত করতে চালিত হয়।

HPS ELD বিভাগ স্টেট মূল্যায়নে বিকাশ ও দক্ষতা প্রদর্শনকারী শিক্ষার্থীদের সংখ্যা বাড়ানোর চেষ্টা করে, অনার্স, অ্যাডভান্সড এবং দ্বৈত-তালিকাভুক্তির ক্লাসে MLL- দের তালিকাভুক্তি বৃদ্ধি করে, মিশিগান সিল অফ বাইলিটারেসির মাধ্যমে আরো সিনিয়রদের পুরস্কৃত করে এবং STEM ও অন্যান্য প্রোজেক্ট-ভিত্তিক শিক্ষায় আরো MLL-দের সংযুক্ত করে যা সৃজনশীলতা, টিমওয়ার্ক ও নেতৃত্বের সাথে সম্পৃক্ত।

সুতরাং, ELD বাজেটের সিদ্ধান্ত সবসময় আমাদের বহুভাষী শিক্ষার্থীদের গবেষণা-ভিত্তিক কর্মসূচি, শিক্ষামূলক উপকরণ এবং নতুন প্রযুক্তিগত যুগে প্রয়োগ করার অভিজ্ঞতা দিয়ে পূর্ণ করার জন্য নেওয়া হয় এবং হবে, যেখানে তারা উন্নতি করবে এবং বহুভাষী ব্যক্তি হিসেবে তাদের বিশেষ দক্ষতা স্বীকৃত ও মূল্যায়িত হবে।

ELD বিভাগ আমাদের বহুভাষী শিক্ষার্থীদের সুস্পষ্ট বিকাশ ও সাফল্যের আরো একটি বছরের অপেক্ষায় রয়েছে।

হ্যামট্রামিক হাই স্কুল ‘আনন্দ ও প্রাণশক্তির’ স্থান

রিকার্ডো মার্টিন, Ed.D.
অধ্যক্ষ, হ্যামট্রামিক হাই স্কুল

ইতিবাচক সহনশীলতা ২০২৩ সালের হ্যামট্রামিক হাই স্কুল ক্লাসকে সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে।

সিনিয়ররা প্রচণ্ড পরিশ্রমের মধ্য দিয়ে একটি মহামারীর দুই বছর পার করেছে। এই প্রক্রিয়ায় ভবিষ্যতের গ্রাজুয়েটরা নিজেদের স্বশরীরে উপস্থিত শিক্ষার্থী থেকে ভার্চুয়াল শিক্ষার্থীতে রূপান্তর করেছে।

ভবিষ্যতের নেতারা তাদের নিজ নিজ চরিত্রের অনেক বৈশিষ্ট্য সম্পর্কে জেনেছে। কেউ কেউ পরিশ্রমী হওয়ার কৌশল শিখেছে। অন্যরা অভিযোজনের শক্তিকে ধারণ করতে শিখেছে।

সিনিয়রদের যে বিষয়টি অসাধারণ করে তুলেছে সেটি হলো তারা সবাই মিলে একটি দল হিসেবে কাজ করার মর্মার্থকে আত্মস্থ করেছে এবং তাদের কাজের মাধ্যমে সেটি স্পষ্টভাবে প্রকাশ করেছে।

২০২৩ সালের ক্লাসের সিনিয়র স্পন্সর, সারাহ উইলস বলেন, “২০২৩ সালের ক্লাস ছিল আনন্দ ও প্রাণশক্তিতে পরিপূর্ণ।

“তাদেরকে দেখে মনে হয়েছে তারা সবাই মিলে নিজেদের চাহিদা নির্ধারণ করে সেটি অর্জনে কাজ করে যেতে সক্ষম।” উইলস আরো বলেন, “তারা খুব স্বাভাবিকভাবেই অন্যান্য মানুষের সাথে মিশতে পারে।”

আমাদের আসন্ন স্কুল বর্ষ হবে আরো উজ্জ্বল। আমরা কলেজে ও ক্যারিয়ারে আরো সুযোগ বৃদ্ধির জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি কারণ আমাদের লার্নিং কমিউনিটি জানে একজন হ্যামট্রামিক হাই স্কুল গ্রাজুয়েটদের প্রতিচ্ছবি ঠিক কেমন এবং সেটিকে কীভাবে উপস্থাপন করতে হয়।

আমরা নিজেদের যে প্রশ্নটি করব সেটি হলো একজন শিক্ষার্থী যখন প্রতিটি গ্রেড লেভেলের শেষে পৌঁছাবে তখন তারা কী কী জানবে এবং কী কী করতে সক্ষম হবে?

সামার স্কুলের শুরুতে E2020 প্রয়োজন এমন শিক্ষার্থীরা ক্রেডিট রিকভারি, সামার রিক্যাপচার ও সামার ব্রিজ কর্মসূচি থেকে উপকৃত হবে। এসকল কর্মসূচি হাই স্কুল কর্মসূচির মধ্য দিয়ে নবীনদের আগ্রহ বৃদ্ধি করে।

শরতে শিক্ষার্থীরা তাদের নিজ নিজ ডাটা জানতে পার্সোনালাইজড লার্নিং পদ্ধতিতে অংশগ্রহণ করবে এবং ক্যারেক্টার এডুকেশন প্রোগ্রাম, ফোকাসড ক্লাব, গ্রেট ইলেক্টিভ ও কার্যকরী অ্যাথলেটিক কর্মসূচি থেকে উপকৃত হবে। এ কর্মসূচিগুলো ৯-১২ গ্রেডের শিক্ষার্থীদের অংশগ্রহণকে উৎসাহিত করে।

শরতে শিক্ষার্থীরা শ্যাডোয়িং সহ বিভিন্ন জব দক্ষতা উন্নয়নের উপর শিক্ষা লাভ করবে। নবীন শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করার জন্য মিশিগান কমন কোর সমন্বয়, কারিকুলাম ম্যাপিং, প্রযুক্তি সম্প্রসারণ, কলেজ ট্যুর, এবং বর্ধিত দ্বৈত ভর্তির প্রতি বিশেষভাবে গুরুত্ব আরোপ করার পরিকল্পনা রয়েছে।

সবশেষে হ্যামট্রামিক হাই স্কুল থেকে স্নাতক সম্পন্ন করে বিদায় নেওয়ার সময়, প্রত্যেক শিক্ষার্থী হ্যামট্রামিক হাই স্কুলের গ্রাজুয়েটদের প্রতিচ্ছবি হিসেবে এসব দক্ষতাকে সাথে নিয়ে যাবে।

HHS মানবসম্পদ হলো সেই জায়গা যেখানে ‘সবকিছুর সমাধান হয়’

জ্যাক বাউম্যান

অন্তর্বর্তীকালীন মানবসম্পদ ডিরেক্টর হিসেবে আমি ২০শে মার্চ চাকরিতে আসার পর থেকে অসংখ্য প্রোজেক্ট নিয়ে ব্যস্ত আছি।

আমি প্রতিটি স্কুল ভবন পরিদর্শন করেছি এবং নিশ্চিত করেছি যে ভবনের প্রশাসকরা জানেন যে আমি তাদের সহায়তা করার জন্য একটি রিসোর্স। আমি কাউন্টিতে মানব সম্পদ সভায় ডিস্ট্রিক্টের প্রতিনিধিত্ব করেছি এবং অন্যান্য ডিস্ট্রিক্টের সাথে ডিস্ট্রিক্টের লিয়াজো ছিলাম।

আমি যে মানব সম্পদ মডেলটি বাস্তবায়নের চেষ্টা করেছি তা কর্মী, ইউনিয়ন ও কমিউনিটির সাথে সহযোগিতায় করা একটি মডেল। আমি এই গ্রীষ্মে ডিস্ট্রিক্টের পদগুলো কর্মীপূর্ণ করার জন্য সর্বাত্মক প্রচেষ্টা করব যাতে আমরা স্কুল বর্ষটি ভালভাবে শুরু করতে পারি।

সর্বোপরি সমস্যার সমাধান করা আমার অন্যতম শক্তি এবং আমি আশা করি যে হ্যামট্রামিক পাবলিক স্কুলস আমার বহু বছরের অভিজ্ঞতা এবং "সমাধান করার" মানসিকতা থেকে উপকৃত হবে।

হলব্রুক ইলিমেন্টারি স্কুলের কৃতিত্বের স্বাক্ষর

টম টালমাজ
অধ্যক্ষ, হলব্রুক স্কুল

হলব্রুক স্কুল ১৮৯৬ সালে যাত্রা শুরুর পর থেকেই মিশিগানের প্রাচীনতম সক্রিয় স্কুল হিসেবে কৃতিত্বের স্বাক্ষর রেখে চলেছে।

এর অর্জনগুলোর মধ্যে রয়েছে ২০২২-২৩ স্কুল বর্ষে এর ১০০% উচ্চ যোগ্যতাসম্পন্ন কর্মীদের ফিরে আসা এবং বছরের পর বছর ধরে শিক্ষার্থীদের একাডেমিক অগ্রগতি।

আমাদের শিক্ষার্থী তালিকাভুক্তি বার্ষিক গড় বজায় রেখেছে এবং স্কুল বর্ষের পরবর্তী মাসগুলোতে বেশ ভালোভাবে বৃদ্ধি পেয়েছে। কোনো পরিবার যদি বা কখনো হলব্রুক ছেড়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়ে থাকে, সেটি তারা নিয়েছে তাদের বাবা-মায়ের নিজ দেশে ভ্রমণের উদ্দেশ্যে, অন্য কোনো স্কুলে ভর্তির উদ্দেশ্যে নয়।

অতীতের মতো এই বছরও সাক্ষরতার উপর প্রাথমিক গুরুত্ব আরোপ করা হয় যেখানে আমাদের ৯৫%-এরও বেশি শিক্ষার্থী ইংলিশ ল্যাংগুয়েজ লার্নার (ELL) ছিল। আমাদের সহায়তা কর্মীদেরকে শিক্ষার্থীদের সেবা দিতে সাহায্য করার জন্য আমাদের MTSS ও ক্লাসরুম গ্রুপিং একে আরো সহজ করেছে।

প্রতিটি গ্রেড লেভেলের একটি নির্ধারিত সময় রয়েছে যখন শিক্ষক, আমাদের দুইজন ELL স্পেশালিস্ট, এবং রিডিং স্পেশালিস্ট শিক্ষার্থীদের সেবা দেন, এ সময় আমাদের অসাধারণ প্যারাপ্রফেশনালরা এই সার্বিক সেবাকার্যের সহায়তায় নিয়োজিত থাকেন।

আমরা প্রাথমিকভাবে সাক্ষরতার উপর গুরুত্ব আরোপ করি, তবে গুরুত্বের দিক থেকে সাক্ষরতার সমকক্ষ যদি নাও হয়, এরপরও আমরা সকল শিশুর বিষয়টিকে অগ্রাধিকার দিই। হলব্রুক রিস্টোরেটিভ প্র্যাকটিস কোঅর্ডিনেটরের কাছ থেকে পাওয়া সহায়তার পাশাপাশি PBIS কৌশলসমূহের সদ্ব্যবহার করে।

বহিষ্কারের পরিবর্তে, আমরা শিক্ষার্থী যেসব কাঙ্ক্ষিত ইতিবাচক আচরণ প্রদর্শন করেছে তার উপর গুরুত্ব আরোপ করে তাকে স্কুলে রাখার সর্বোচ্চ চেষ্টা করি।

আমরা Wonderful Kid Wednesday-এর সহায়তায় স্কুল জুড়ে এবং Class Dojo-এর সহায়তায় শ্রেণিকক্ষে উৎসাহ সঞ্চার উভয় ক্ষেত্রে ভালো আচরণের পুরস্কার দেওয়ার জন্য একাধিক মাধ্যম ব্যবহার করি।

আমরা আমাদের সকল শিক্ষার্থীকে সহায়তা প্রদান চালিয়ে যাওয়ার সময়, আমাদের স্কুল কর্মী, আমাদের শিক্ষার্থীদের কল্যাণের জন্য শিক্ষার্থী ও তাদের পরিবারের সাথে নিয়মিত যোগাযোগের মধ্যে যে বিপুল সংখ্যক রিসোর্স শেয়ার করেছেন তা আমাদের সরবরাহ করেছেন।

যদি আপনি হলব্রুকে অংশ নেন, তাহলে আপনার মনে হবে আপনি আপনার পরিবারেই আছেন। কিন্ডারগার্টেন থেকে শুরু করে ৮ম গ্রেড পর্যন্ত প্রতিটি গ্রেডে আমাদের শুধুমাত্র একটি সেকশন রয়েছে। আমরা একাডেমিক থেকে শুরু করে সামাজিক মানসিক ও শারীরিক সুস্থতা পর্যন্ত কয়েকটি ক্ষেত্রে সহায়তা সহ একটি ছোট শ্রেণিকক্ষ বিন্যাস সরবরাহ করি।

Holbrook Hawks-রাই সেরা!

Horizon-এ, শিক্ষার্থীদের টিভি প্রোডাকশনে দক্ষতা অর্জন

২২-২৩ শিক্ষাবর্ষে Horizon হাই স্কুলের টিভি প্রোডাকশনের ক্লাসে নতুন মাত্রা দেখা গেছে।

ঐচ্ছিক হিসেবে প্রদত্ত, টিভি প্রোডাকশন Horizon-এর শিক্ষার্থীদের টিভি/চলচ্চিত্র শিল্পের মৌলিক বিষয়গুলো শিখতে এবং পডকাস্টিং, শর্ট ফিল্ম, সাক্ষাৎকার, বিজ্ঞাপন এবং ডিজিটাল ফটো এডিটিংয়ের মতো বিভিন্ন মিডিয়া প্রোজেক্ট তৈরিতে পর্দার আড়ালে কী ঘটে সে অভিজ্ঞতা লাভের সুযোগ দেয়।

সহযোগিতা ও উদ্ভাবনের উপর মনোনিবেশ করে, শিক্ষার্থীদের তারা যে ডিজিটাল মিডিয়া ব্যবহার করে সে সম্পর্কে সূক্ষ্মভাবে চিন্তা করতে বলা হয় কারণ তাদের নিজস্ব কনটেন্ট তৈরি করার জন্য তারা প্রয়োজনীয় ২১ শতাব্দীর জ্ঞান দক্ষতা গঠনে সক্ষম।

স্ক্রিপ্ট লেখা, সাক্ষাৎকার নেওয়া এবং ক্যামেরা ও এডিটিংয়ের টুলস ব্যবহার করা থেকে শুরু করে, টিমওয়ার্ক, লেখালেখি, পাবলিক স্পিকিং, প্রযুক্তি ব্যবহার এবং আত্মবিশ্বাস তৈরিসহ শিক্ষার্থীরা হাতে-কলমে অভিজ্ঞতা অর্জন করে যা ভবিষ্যতে এবং এর বাইরেও তাদের সাহায্য করবে।

এই বছরের সবচেয়ে উল্লেখযোগ্য অর্জনের মধ্যে অন্যতম হলো HAM CAM-এর ধারণা, একটি শিক্ষার্থী-উদ্ভূত সম্প্রচারের স্টাইল শো যা "Horizon, Hamtramck এবং এর বাইরের সবকিছু প্রামাণ্য করার জন্য ক্যামেরা ব্যবহার"-এর উপর আলোকপাত করে।

Horizon-এর শিক্ষার্থীদের দ্বারা তৈরি এবং স্কুলের সাথে শেয়ার করা, HAM CAM শিক্ষার্থীদের একত্রিত করার এবং Horizon কমিউনিটি এবং এর সাফল্য উদযাপনের একটি উপায়ে পরিণত হয়েছে।

HAM CAM-এর পাশাপাশি, এই বছর শিক্ষার্থীদের পছন্দের তালিকায় ছিল শর্ট ফিল্ম প্রোজেক্ট, যেখানে শিক্ষার্থীরা শর্ট ফিল্ম তৈরিতে ক্যামেরার পিছনে ও সামনে কাজ করেছে যা HAM CAM-এ স্কুলের সাথে শেয়ার করা হয়েছে এবং ফিল্ম ফেস্টিভালে জমা দেওয়া হয়েছে।

আগামী বছর সামনে রেখে, Horizon হ্যামট্রামিক পাবলিক লাইব্রেরি টিভি চ্যানেল, PBS স্টুডেন্ট রিপোর্টিং ল্যাবস, ডেট্রয়েট পাবলিক টেলিভিশন, D.A.F.T. এবং ওয়েন RESA-র মেকারস সামিটের মতো কমিউনিটি অংশীদারদের সাথে সম্পর্ক গড়ে তুলতে আগ্রহী, যেখানে Horizon-এর শিক্ষার্থীদের ওয়েইন কাউন্টি শিক্ষকদের গ্রিন স্ক্রিনের মতো ভিডিও প্রোডাকশন প্রযুক্তি ব্যবহার করতে এবং তাদের ক্লাসরুমে স্টপ মোশন শেখাতে সাহায্য করার জন্য আমন্ত্রণ জানানো হয়েছিল।

আমাদরে বশিষে শক্ষিার শক্ষিার্থীদরে চাহদিা পূরণ

মনেহমে আওয়্যাদ
শক্ষিার্থী পরষিবোর ডরিক্টের

হ্যামট্রামকি পাবলকি স্কুলস বশিষে শক্ষিা বভিাগ এই বছর যোগ্যতাসম্পন্ন ও যথাযথভাবে স্বীকৃত বশিষে শক্ষিার শক্ষিক এবং সংশ্লষিট সবো বষিয়ক পশোজীবীদরে সীমতি প্রাপ্যতাজনতি অনকে চ্যালঞ্জেরে মুখোমুখি হয়ছে।

এই চ্যালঞ্জেগুলো সত্ত্বওে, হ্যামট্রামকি পাবলকি স্কুলস মাঝারি বুদ্ধিবৃত্তকি প্রতবিন্ধকতা থাকা শক্ষিার্থীদরে জন্য একটি নতুন কর্মসূচি অন্তর্ভুক্ত করার জন্য প্রোগ্রাম সম্প্রসারতি করছে।

নতুন প্রোগ্রাম ডকিনিসন ইস্ট ইলমিন্টোরতিে অবস্থতি এবং কন্ডিারগার্টনে থকে ৮ম গ্রডেরে শক্ষিার্থীদরে সহায়তা করার জন্য ডজিাইন করা হয়ছে। হ্যামট্রামকি পাবলকি স্কুলস আর্লি চাইল্ডহুড বশিষে শক্ষিা কর্মসূচতিে শক্ষিার্থীদরে চাহদিা পূরণরে জন্য প্রোগ্রাম ও সবো সম্প্রসারতি করার সুযোগ অনুসন্ধান করে চলছে।

এই বছর আমরা ASD কর্মসূচরি জন্য অতরিক্তি পরামর্শ সহায়তার জন্য ওয়নে RESA-এর সাথে অংশীদারত্বি করছে এবং কর্মী ও প্যারাপ্রোফশেনালদরে অনকে প্রশক্ষিণ প্রদান করছে।

আমরা যে ট্র্যাজডেরি মুখোমুখি হই এবং নয়িমতিভাবে শুনি, স্কুলবর্ষরে শুরুতে, স্কুল সোশ্যাল ওয়ার্কার, স্কুল সাইকোলজস্টি, কাউন্সলের, পুনরুদ্ধারমূলক অনুশীলন কর্মীসহ বশিষে শক্ষিার কর্মীরা আত্মহত্যা প্রতরিোধ এবং ট্রমা সাড়াদানরে উপর বশিষোয়তি প্রশক্ষিণে অংশ নয়িছেলিনে এবং উপস্থতি হয়ছেলিনে।

পরশিষে, আমরা আমাদরে সনিয়িরদরে জন্য গর্বতি যারা শীঘ্রই ডস্ট্রিক্টি ছড়েে চলে যাবনে, এবং তারা বয়োজ্যষ্ঠেকালে পদার্পনরে সাথে সাথে পরবর্তী যাত্রায় তাদরে মঙ্গল কামনা করতে চাই।

আপনার বিনোদন মিলেজ ডলার কাজে লাগছে!

হ্যামট্রামিক বিনোদন বিভাগ পুরো পরিবারের জন্য বিভিন্ন মজাদার ও আকর্ষণীয় কর্মসূচির সুযোগ দেয়।

আমরা বিভিন্ন সংস্কৃতির প্রতিনিধিত্ব করি যা আমাদের নিজস্ব অনন্য আকার, আকৃতি, বয়স, সক্ষমতা ও ধর্মকে প্রতিফলিত করে। অনেক মানুষের কাছ থেকে শেখা, বোঝাপড়া গড়ে তোলা এবং বন্ধুত্ব তৈরি করা খুবই চমকপ্রদ। আমরা খেলাধুলা, আর্টস, ফিল্ড ট্রিপ এবং বিশেষ ইভেন্ট অফার করি এবং ২০২২-২০২৩ বছরটি দুর্দান্ত ছিল!

যথারীতি আমাদের মুভি ইন দি পার্ক সিরিজ সফল হয়েছিল এবং এই বছরের ১৬ই জুন "পুস ইন বুটস: দি লাস্ট উইশ অ্যাট পুলাস্কি পার্ক" প্রদর্শনী শুরু হবে।

অন্যান্য সফল ইভেন্টের মধ্যে রয়েছে ফল হার্ভেস্ট, ট্রাঙ্ক অর ট্রিট ও উইন্টারফেস্ট। ২০২৩-২০২৪ বছরে আমাদের আসন্ন ইভেন্টগুলোর সময়সূচী জানতে আমাদের সাথেই থাকুন।

আমরা উষ্ণ মাস শুরু হওয়ার সাথে সাথে আপনি আমাদের কর্মসূচিতে নিজেকে যুক্ত করার জন্য আমাদের বিভাগ ও পার্কের মাধ্যমে অনেক সুযোগ পাবেন।

৫-১২ বছর বয়সী শিশুদের জন্য ৮ সপ্তাহের গ্রীষ্মকালীন খেলার মাঠের কর্মসূচি, তায়াকোয়ান্ডো, নাচ, চিয়ারলিডিং ও টাম্বলিং, সাঁতার কাটা এবং ২৪শে জুন সবসময়ের জনপ্রিয় সিডার পয়েন্টসহ বিভিন্ন পারিবারিক ও সিনিয়র ফিল্ড ট্রিপের জন্য নিবন্ধন ইতোমধ্যে শুরু হয়েছে এবং জনপ্রিয় বলে বিবেচিত ব্লেক'স অর্চার্ডে কমিউনিটি অ্যাপ্রিসিয়েশন ট্রিপ যা বাসিন্দাদের জন্য মাত্র ৫ ডলার।

কমিউনিটি সেন্টারের ফিটনেস সেন্টার প্রাপ্তবয়স্কদের জন্য তাদের স্বাস্থ্য ও ফিটনেস যাত্রা শুরু বা অব্যাহত রাখার একটি দুর্দান্ত সুযোগ। জিম, সনা ব্যবহার বা স্বীকৃত পেশাজীবীদের নেওয়া আমাদের ফিটনেস ক্লাসগুলোর মধ্যে যেকোনো একটি বেছে নিন।

এই বছরে নতুন শুধু নারীদের ক্লাস সোমবার সন্ধ্যা ৬ টা ৩০ মিনিটে। বাস্কেটবল ও র‍্যাকেটবল কোর্টও ব্যবহারের জন্য উপলভ্য থাকবে। আমাদের সিনিয়র কিক ফিট - বিনামূল্যে অনুশীলন ক্লাসও রয়েছে, যা নমনীয়তা বৃদ্ধি করতে এবং শক্তি অর্জনে সাহায্য করার জন্য সিনিয়রদের জন্য বিশেষভাবে তৈরি করা হয়েছে।

কর্মসূচিগুলো সারা বছর জুড়েই অফার করা হয়। আমরা আপনাকে আমাদের সকল অফারে অংশ নিতে উৎসাহিত করি। বন্ধু, আনন্দ ও ফিটনেসের একটি জগৎ আপনার দরজার ঠিক বাইরে অপেক্ষা করছে।

আশা করি এই গ্রীষ্মে আপনার সাথে দেখা হবে এবং একটি দুর্দান্ত বছরের জন্য আপনাকে ধন্যবাদ! সবচেয়ে আপ টু ডেট তথ্যের জন্য Facebook ও Instagram-এ আমাদেরকে ফলো করুন। আপনার যদি কোনো পরামর্শ থাকে, তাহলে আমাদের সাথে শেয়ার করতে দ্বিধা করবেন না।

স্টেট সম্মেলনে KMS কুগারদের ১ম স্থান অধিকার

KMS অল স্টার কোয়ালিশন (ASC) হ্যামট্রামিক ড্রাগ ফ্রি কমিউনিটি কোয়ালিশনের সহায়তায় ২০২২ সালের সেপ্টেম্বরে শুরু হয়েছিল।

KMS-এর কোয়ালিশন সহপাঠীদের মধ্যে মাদক প্রতিরোধের দিকে মনোনিবেশ করে। তারা পাক্ষিক সভা করে এবং বিশেষত মিডল স্কুল পর্যায়ে মাদক প্রতিরোধ সম্পর্কে সচেতনতায় একে অপরকে কিভাবে সাহায্য করা যায় সেদিকে আলোকপাত করে।

সোমবার, ১৭ এপ্রিল, KMS অল স্টার কোয়ালিশন, তাদের শিক্ষক মিসেস কুজনিয়ার এবং HDF-CC নেতা মিস গার্ডউড, মিস শেফার এবং মিস জাভেটাকে নিয়ে ফেন্টনের ক্যাম্প কপনেকোনিকে অনুষ্ঠিত ১ম বার্ষিক ইয়ুথ কোয়ালিশন লিডারশিপ রিট্রিটে ফিল্ড ট্রিপে গিয়েছিলেন।

মিশিগান জুড়ে প্রায় ১০০ জন ইয়ুথ লিডার উপস্থিত ছিল। শিক্ষার্থীরা অন্যান্য ইয়ুথ লিডারদের সাথে দেখা করতে পেরেছিল এবং কিভাবে তাদের সহপাঠীদের মধ্যে মাদক ব্যবহার রোধ করা যায় এবং যাদের মানসিক স্বাস্থ্য সহায়তার প্রয়োজন তাদের সাহায্য করার বিষয়ে আইডিয়া বিনিময় করতে পেরেছিল।

রিট্রিটে তরুণদের মাদক প্রতিরোধ বা মানসিক স্বাস্থ্য সহায়তা সম্পর্কে ৩০ সেকেন্ডের জনস্বার্থে ঘোষণা তৈরির কাজ দেওয়া হয়েছিল।

KMS ASC ভেপের পরিবর্তে কী করা যায় সে সম্পর্কে একটি ভিডিও তৈরি করার সিদ্ধান্ত নেয়। আমাদের KMS কোয়ালিশন একসাথে কাজ করে, ভিডিও তৈরি করে এবং প্রথম স্থান অর্জন করে!

প্রথম পুরস্কার হলো টেক্সাসের CADCA ২০২৩ মিড-ইয়ার ট্রেনিং ইনস্টিটিউটে সম্পূর্ণ খরচসহ ভ্রমণের সুযোগ! আমরা আমাদের সৃজনশীল ও নিবেদিত KMS ইয়ুথ লিডারদের নিয়ে ভীষণ গর্বিত!

অনেক দূর যেতে হবে কুগারস!

Michigan Lottery: For Fun. For Schools!

Every time you play the lottery, it's a win for Michigan. Each purchase benefits K-12 education, gives a lift to local businesses, and supports companies that employ Michigan residents. For every $1 spent on Lottery, 61 cents goes to prizes, 28 cents goes to the School Aid Fund, 9 cents goes to retailer and vendor commissions, and 2 cents is used for Lottery operations.

Since it began in 1972, the Lottery has contributed more than $27 billion to support public education in Michigan, with more than $6 billion of that coming in the last four years. Fiscal Year 2022 marked the Lottery's fourth straight contribution of more than $1 billion to support public education.

Almost 11,000 businesses throughout Michigan earn commissions on the sale of Lottery products as licensed retailers. Lottery sales provide a year-round revenue stream for small and large businesses alike. In the last decade, more than $2.4 billion in sales commissions and bonuses have been paid to these businesses.

In addition to contributing to the School Aid Fund, the Lottery recognizes outstanding educators with the Excellence in Education awards. The Michigan Lottery established the Excellence in Education awards in 2014 to recognize outstanding public-school educators across the state during the school year.

One outstanding educator is selected each week and receives a $1,500 cash prize plus a $500 grant to their classroom, school or school district. One of the weekly award winners will be selected to receive the Lottery's Educator of the Year award and will receive a $10,000 cash prize.

Each winner also will receive a plaque and be featured in a news segment on the Lottery's media partner stations: WXYZ-TV in Detroit, FOX 17 in Grand Rapids, FOX 47 in Lansing, and WNEM-TV, Saginaw.

All public-school employees may be nominated for the awards, which recognize educators who go "above and beyond" to make a difference in the lives of children. To nominate a public-school educator, go to https://www.michiganlottery.com/excellence-in-education.

We recognize the challenges facing educators today, and the Lottery is proud to support Michigan public schools and the important work they do. In 2023, we look forward to another successful year and support for public schools across the state.

MICHIGAN LOTTERY

For fun. For schools.

NOTICE OF PUBLIC HEARING PROPOSED 2023-2024 BUDGET

The Board of Education of the School District of the City of Hamtramck will hold a Public Hearing on Wednesday, June 14, 2023 at 6:00 p.m. in the Administration Building, 3201 Roosevelt Street, to review and consider the school district's 2023-2024 proposed budget.

The property tax millage rate proposed to be levied to support the proposed budget will be a subject of this hearing.

The 2023-2024 Proposed Budget will be posted for examination on the Hamtramck Public Schools Website, www.hamtramckschools.org beginning June 21, 2023.

Daz'Shavon Hall, Secretary
Hamtramck Board of Education